# উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভার কার্য বিবরণী ঃ

সভার স্থান ঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ১৭/১০/২০২৩ খ্রি.। সভার সময় ঃ বিকাল- ০৩:০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব মোঃ আব্দুর রাজ্জাক
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।

আলোচ্য সূচী ঃ ০১। বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতি নিয়মিত করণ।
০২। ডেঙ্গু প্রতিরোধ বিষয়ে সতর্কতা সৃষ্টি।
০৩। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ঠ ''ক" তে দেখানো হয়েছে।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তারপর তিনি সদস্য সচিবকে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ০১। উপজেলা শিক্ষা অফিসার জানান, বিদ্যালয় পরিদর্শনকালে দেখা যায় যে, অধিকাংশ বিদ্যালয়ে শিক্ষার্থীরা প্রতি মাসেই নিয়মিত ভাবে অনুপস্থিত থাকছে। অভিভাবকগণের সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হলেও অগ্রগতি সন্তোষজনক নয়। কমিটির সদস্যবৃন্দ প্রতিটি বিদ্যালয়ে মা'দের উপস্থিতি নিশ্চিত করে শ্রেণি ভিত্তিক মা সমাবেশ, অভিভাবক সমাবেশ করে এবং সকল শিক্ষকবৃন্দ মা'দের সাথে নিয়মিত যোগাযোগ করে অনুপস্থিত শিক্ষার্থীদের বিদ্যালয় মুখী করার সিদ্ধান্ত গৃহিত হয়। মা সমাবেশে শিক্ষা অফিসের কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় নেতৃবৃন্দের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ ০২। সভাপতি মহোদয় জানান, সারা দেশে ডেঙ্গু জ্বরের ভয়াবহতা রোধকল্পে শ্রেণি পাঠদানের শুরুতে শ্রেণি কক্ষের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করে পাঠদান শুরু করার জন্য নির্দেশনা প্রদানে উপজেলা শিক্ষা অফিসার কে বলা হয়। প্রধান শিক্ষক যেন প্রতি সপ্তাহে বিদ্যালয় প্রাঙ্গন ও আশেপাশের ঝোপ জঙ্গল পরিষ্কার পরিচ্ছন্ন করেন এবং দৈনিক সমাবেশে শিক্ষার্থীদের ডেঙ্গু জ্বরের ভয়াবহতা সম্পর্কে ধারণা প্রদান করা সহ সতর্ক করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শায়লা জেসমিন সাঈদ)
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা স্ট্যান্ডিং কমিটি
কাউনিয়া, রংপুর

(মোঃ আব্দুর রাজ্জাক)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
ও
সভাপতি
উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভাপতি
কাউনিয়া, রংপুর

# উপজেলা স্যান্ডিং কমিটির সভার কার্য বিবরণী ঃ

অধিবেশন নং-০১

সভার স্থান ঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ১৩/১১/২০২৩ খ্রি.। সভার সময় ঃ বিকাল- ০৩:০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব মোঃ আব্দুর রাজ্জাক
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।

আলোচ্য সূচী ঃ
০১। শিক্ষার্থীদের রিডিং দক্ষতা বৃদ্ধি।
০২। তৃতীয় প্রান্তিক মূল্যায়ন।
০৩। ২০২৩-২০২৪ অর্থ বছরের বিদ্যালয়ের উন্নয়ন মূলক কাজের প্রাপ্ত বরাদ্দের বিষয়ে অবগত করা।
০৪। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ঠ ''ক" তে দেখানো হয়েছে।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তারপর তিনি সদস্য সচিবকে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ০১। রিডিং দক্ষতা বৃদ্ধির জন্য ক্লাস্টার পর্যায়ে সকল শিক্ষকদের নিয়ে সভা করে সকল বিষয়ের শিক্ষকদের শিক্ষার্থীদের সাবলীল ভাবে রিডিং নিশ্চিত করার জন্য পরিকল্পনা গ্রহণ করে পাঠদান কার্যক্রম বাস্তবায়ন করা। পরিদর্শনকালে পরিদর্শন কর্মকর্তাগণ যাচাইয়ের মাধ্যমে মূল্যায়ন করা।

সিদ্ধান্ত ঃ ০২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রান্তিক মূল্যায়ন যথাযথ রুটিন অনুসরণ করে গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ ০৩। প্রাথমিক বিদ্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের শুরুতে প্রাক-প্রাথমিক কক্ষ সজ্জিতকরণ এবং স্লিপ কার্যক্রমের প্রথম কিস্তির বরাদ্দ নীতিমালা অনুযায়ী শতভাগ বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। কাজ শেষে কাজের মান যাচাই পূর্বক প্রত্যয়ন পত্র জমা গ্রহণ করে বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষকের বরাবরে উপজেলা শিক্ষা অফিসারকে চেক প্রদানের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শায়লা জেসমিন সাঈদ
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা স্ট্যান্ডিং কমিটি
কাউনিয়া, রংপুর

মোঃ আব্দুর রাজ্জাক
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
ও
সভাপতি
উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভাপতি
কাউনিয়া, রংপুর

# উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভার কার্য বিবরণী ঃ

সভার স্থান ঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ০৬/১২/২০২৩ খ্রি.। সভার সময় ঃ বিকাল- ০৩:০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব মোঃ আব্দুর রাজ্জাক
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।

আলোচ্য সূচী ঃ
০১। বই বিতরণ-২০২৪।
০২। বিজয় দিবস উদযাপনে বিদ্যালয় পর্যায়ে চিত্রাঙ্কণ প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন।
০৩। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ঠ ''ক'' তে দেখানো হয়েছে।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তারপর তিনি সদস্য সচিবকে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ০১। বই বিতরণ কার্যক্রম ২০২৪ বাস্তবায়নে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়, বিদ্যালয়-১ অধিশাখার প্রজ্ঞাপন অনুযায়ী বেসরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে প্রজ্ঞাপন অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ স্ব স্ব ক্লাস্টারে বিদ্যালয়গুলো পরিদর্শন করে নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালিত হয় এমন বিদ্যালয়গুলোতে সঠিক শিক্ষার্থী সংখ্যা অনুযায়ী বই প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। নীতিমালা বাস্তবায়িত না করে পাঠদান পরিচালনাকারী বিদ্যালয়গুলোর বিষয়ে কঠোর থাকার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ ০২। যেহেতু প্রতি বছরের ন্যায় প্রাথমিক বিদ্যালয় গুলোতে মহান বিজয় দিবসের বরাদ্দ পাওয়া গিয়েছে বলে উপজেলা শিক্ষা অফিসার কমিটি কে অবগত করেন, সে কারণে প্রতিটি বিদ্যালয়ে সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শায়লা জেসমিন সাঈদ)
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা স্ট্যান্ডিং কমিটি
কাউনিয়া, রংপুর

(মোঃ আব্দুর রাজ্জাক)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
ও
সভাপতি
উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভাপতি
কাউনিয়া, রংপুর